**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) গত ২৪ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের ফলে পশ্চিম ত্রিপুরা, খোয়াই, গোমতি ও সিপাহীজলা জেলার বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে পড়েছে এবং বিভিন্ন নদীর জলস্তর বাড়ছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য প্রশাসন প্রস্তুত।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াই অটল এবং তা কখনও থামবে না।**

**(৪) অনূর্ধ্ব কুড়ি বছর বয়সের রাজ্যভিত্তিক কাবাডি আসরে বালক বিভাগে পশ্চিম জেলা ও বালিকা বিভাগে সিপাহীজলা জেলা চ্যাম্পিয়ন হয়েছে।**

***************************************

**Heavy Rain :**

গত ২৪ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের ফলে পশ্চিম ত্রিপুরা জেলা, খোয়াই, গোমতি ও সিপাহীজলা জেলার বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে পড়েছে এবং বিভিন্ন নদীর জলস্তর বাড়ছে। গোমতি নদীর জল বিপদসীমার উপর দিয়ে বইছে। হাওড়া নদীর জলে আগরতলার বলদাখালের পালপাড়া, আড়ালিয়া পঞ্চবটি বাজার, প্রতাপগড়ের নিম্নাঞ্চলগুলি প্লাবিত হয়েছে। বটতলা হাওড়া বাজারের কিছু দোকান নদী ভাঙ্গনের ফলে বিপদজনক অবস্থায় দাঁড়িয়ে আছে। এন.ডি.আর.এফ ও এস.ডি.আর.এফ কে এ বিষয়ে প্রস্তুত থাকারও নির্দেশ দেওয়া হয়েছে। আজ সন্ধ্যায় বটতলায় হাওড়ার নদীর জলস্তর ছিল ১০.০১ মিটার।

পশ্চিম জেলার জেলা শাসক ডা: বিশাল কুমার আজ আগরতলার জলমগ্ন এলাকাগুলি পরিদর্শন করেন। জেলা শাসক সাংবাদিকদের জানান, ঝড় বৃষ্টিতে জিরানিয়ায় দুটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় প্রশাসন সবধরনের প্রস্তুতি নিয়ে রেখেছে। এ বিষয়ে সব জেলার জেলাশাসকদের সতর্ক করে রাখা হয়েছে।

ভারী বৃষ্টি কারণে সিপাহীজলা জেলাতেও বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে পড়েছে। বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলার দায়িত্বপ্রাপ্ত ডেপুটি কালেক্টর সোমেন দেবনাথ আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধিকে জানিয়েছেন বিশালগড়ে বিজয়নদ ও সোনামুড়ার গোমতী নদীর জলস্তর এখনো নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে।

পুলিশ সদর দপ্তর জানিয়েছে, খোয়াই নদীর জলস্তর বিপদসীমার কাছাকাছি দিয়ে বইছে। জেলার কল্যাণপুরে একটি শরণার্থী শিবির খোলা হয়েছে। এই শিবিরে ১২ পরিবার আশ্রয় নিয়েছে।

ঝড়বৃষ্টিতে গোমতী জেলার বিভিন্ন অঞ্চলে ব্যাপক ক্ষতি হয়েছে। বিভিন্ন রাস্তাঘাটে বড় বড় গাছ পড়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়ে। কোথাও কোথাও বৈদ্যুতিক তার ছিঁড়ে পড়েছে।

গোমতির জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা জানিয়েছেন, শিলাছড়ি ব্লকের শুকনাছড়িতে, দক্ষিণ-করবুক,শিলাছড়ি-ঘোড়াকাপ্পা সড়কের উপর, মাতাবাড়ি, কিল্লা ও কাকড়াবন ব্লকের বিভিন্ন এলাকায় এবং মাতাবাড়ি ব্লকের ব্রম্মা ছড়াতে, কাকড়াবন ব্লকের ফরেস্ট অফিস সংলগ্ন ৩৩ কেভি বিদ্যুৎ লাইন ক্ষতিগ্রস্ত হয়। জেলাশাসক জানান, বিদ্যুৎ নিগমের কর্মীরা বিদ্যুতের লাইন সারাইয়ের জন্য যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছেন। তিনি জানান, গোমতী নদীর জলস্তর ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। আজ সন্ধ্যা পর্যন্ত গোমতী নদীর জল ১৮.৮ মিটার উচ্চতায় রয়েছে। বিপদসীমার উপরে দিয়ে বইছে গোমতী নদীর জল। পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে বলে জেলা শাসক জানিয়েছেন।

****************************

**TBSE Review Result :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রিভিউ ফলাফল আজ প্রকাশিত হয়েছে। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ডঃ ধনঞ্জয় গন চৌধুরী জানান, মাধ্যমিকে ১৬৯২ জন পরীক্ষার্থী রিভিউর জন্য আবেদন করেছিল। তাদের মধ্যে ৫৯৫ জনের নম্বর বেড়েছে। উচ্চ মাধ্যমিকে ১৪১২ জন পরীক্ষার্থী উত্তরপত্র রিভিউ করতে আবেদন করেছিল। তাদের মধ্যে ৭১০ জনের নম্বর বেড়েছে।

***************************

**Workshop :**

"পঞ্চায়েতের অগ্রগতি সূচক" শীর্ষক বিষয়ে কৈলাশহর সার্কিট হাউজে আজ একদিনের জেলাভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, গ্রাম উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে সবাইকে সচেষ্ট ও আরো কর্মোদ্যোগী হতে হবে। সামাজিক ন্যায়, শিশু বান্ধব, মহিলা বান্ধব পঞ্চায়েত গঠনে কাজ করার উপর তিনি গুরুত্বারোপ করেন। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর, জেলাশাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ।

*****************************

**CITU :**

সি.আই.টি.ইউ'র ৫৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আজ আগরতলায় সিআইটিইউ'র কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সি.আই.টি.ইউ রাজ্য সভাপতি মানিক দে, সম্পাদক শংকর প্রসাদ দত্ত।

*************************

**SFI-State Conference :**

S.F.I এর দু'দিনব্যাপী ২১তম রাজ্য সম্মেলন আজ থেকে কৈলাশহর টাউন হলে শুরু হয়েছে। সংগঠনের পতাকা উত্তোলন করেন, রাজ্য সভাপতি সুলেমান আলি। শহীদ বেদীতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। টাউন হল প্রাঙ্গণে প্রকাশ্য সভায় বক্তব্য রাখেন, SFI'র সর্বভারতীয় সাধারণ সম্পাদক ময়ূখ বিশ্বাস। তিনি তাঁর ভাষণে বলেন, দেশে "সকলের জন্য কাজ, সকলের জন্য শিক্ষা" এর দাবিতে লড়াই করা হচ্ছে। সম্মেলনে সংগঠনের আগামীর কর্মধারা ও কর্মসূচি স্থির করা হবে বলে তিনি জানান। আজকের প্রকাশ্য সভায় উপস্থিত ছিলেন প্রাক্তন শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী, প্রাক্তন পর্যটন মন্ত্রী রতন ভৌমিক প্রমুখ। সারা রাজ্যের চার শতাধিক প্রতিনিধি সম্মেলনে অংশ নিয়েছেন। উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দৃঢ়ভাবে বলেছেন যে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াই অটল এবং তা কখনও থামবে না। প্রধানমন্ত্রী বলেন, পাকিস্তান এবং বিশ্ব, ভারতের কন্যাদের সিঁদুরের শক্তি এবং অপারেশন সিঁদুরের সময় বিএসএফের অভূতপূর্ব বীরত্ব ও সাহস দেখেছে। তিনি বলেন, শত্রুদের বুঝতে হবে যে এটি আমাদের তূণের একটি মাত্র তীর। তিনি বলেন, দেশের শত্রু, যে কোনও রূপেই হোক, সন্ত্রাসবাদ হোক বা নকশালবাদ, দ্রুত এবং দৃঢ়তার সঙ্গে মোকাবেলা করা হবে।

শ্রী মোদী আজ সকালে বিহারের কারাকাটে ৪৮,৫২০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন এবং জাতির উদ্দেশে উৎসর্গ করার পর জনসভায় ভাষণে একথা বলেন।

######Byte-PM######

প্রধানমন্ত্রী পরে আজ বিকেলে উত্তর প্রদেশের কানপুরে ৪৭,৫৭৩ কোটি টাকারও বেশি মূল্যের ১৫টি মেগা উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

****************************

**Pakage Story-Jal Jiban Mission :**

জলজীবন মিশনে বাড়ি বাড়ি পানীয়জল সংযোগ স্থাপনে পথ দেখাচ্ছে পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর মহকুমার লেফুঙ্গা ব্লক। অর্জন করেছে একশো শতাংশ সাফল্য। এ নিয়ে আমাদের একটি প্রতিবেদন।

########VC########

******************************

**Blood Donation :**

অহল্যাবাঈ হোলকারের ৩০০তম জন্মজয়ন্তী উপলক্ষে আজ জোলাইবাড়ির পিলাক পর্যটক আবাসে জোলাইবাড়ি মণ্ডল যুব মোর্চার উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। শিবিরে ১০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**Walkathon :**

স্বাস্থ্যের জন্য হাঁটা - এই শ্লোগান তুলে বিএসএফ'র ১২১ বাহিনীর উদ্যোগে আজ দক্ষিন জেলার বিলোনিয়া মহকুমার বলাইটিলা সীমান্ত চৌকি থেকে মাধবনগর পর্যন্ত পায়ে হাঁটা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিএসএফ ১২১ বাহিনীর সেকেন্ড-ইন-কমান্ড অনিল চৌহান, ডেপুটি কমাডান্ট অলক নেগি ও পবন বনশাল সহ বাহিনীর অন্যান্য আধিকারিক ও জওয়ানরা।

****************************

**State Meet Kabadi :**

অনূর্ধ্ব কুড়ি বছর বয়সের রাজ্য ভিত্তিক কাবাডি আসরে বালক বিভাগের ৩২-১৮ পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন হয়েছে পশ্চিম জেলা। রানার্স হয়েছে সিপাহীজলা। বালিকা বিভাগে ২৫-১৮ পয়েন্টে চ্যাম্পিয়ন হয়েছে সিপাহীজলা, রানার্স হয়েছে পশ্চিম জেলা। তিন দিন ব্যাপি রাজ্য ভিত্তিক আসর আজ সন্ধ্যায় মাতাবাড়িতে শেষ হয়েছে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর এবং উনকোটি জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক পাঁচ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে বিকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৮ দশমিক ৯ মিলিমিটার।

****************************